

Rupali Bank Training Academy, Dhaka.



Topic:

বিএফআইইউ সার্কুলার নং-২৬ তারিখ : ১৬ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ
অনুযায়ী মানিলডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তফসিলি
ব্যাংকসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা ।

তারিখ-০২/০৩/২০২৪

Presented by

Bhubaneshwar Mojumder

M.Sc, MPB(DU), CERM, CEAF, DAIBB

Senior Principal Officer &

Associate Faculty

Rupali Bank Training Academy

Dhaka

১। পরিপালন কাঠামো :

১.১ মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা :

মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনাবলীর সমন্বয়ে

ক) প্রতিটি ব্যাংকের নিজস্ব নীতিমালা থাকবে;

খ) ব্যাংকের পরিচালক পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করবে।

গ) ব্যাংক উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনবে ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

ঘ) ব্যাংক নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনার অংশ হিসেবে সময় সময় নীতিমালাটি পর্যালোচনা করবে ও প্রযোজ্য ক্ষেত্রে, সংশোধন বা পরিমার্জন করবে।

১.২ মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অঙ্গীকার ঘোষণা:

১) পরিচালক পর্ষদ, সর্বোচ্চ নির্বাহী এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপর্যুক্ত আইন ও বিধিমালায় বর্ণিত তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্যের আলোকে প্রাতিষ্ঠানিক পরিপালন ব্যবস্থা জোরদার করার বিষয়ে সচেত্ব থাকবে।

২) ব্যাংকের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবে; অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবে এবং পরিপালনীয় বিষয়াদির সার্বিক বাস্তবায়ন নিশ্চিত করবে।

১। পরিপালন কাঠামো :

১.৩ পরিপালন কর্মকর্তা নিয়োগ ও অন্যান্য :

(ক) প্রতিটি ব্যাংক একজন 'উর্ধ্বতন কর্মকর্তার' নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি 'কেন্দ্রীয় পরিপালন কমিটি' (**Central Compliance Committee**) প্রতিষ্ঠা করবে;

'-উর্ধ্বতন কর্মকর্তা' প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Chief Anti Money Laundering Compliance Officer-CAMLCO) নামে অভিহিত হবেন।

-পদমর্যাদা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার (০২) দুই ধাপের নীচে হবে না।

-CAMLCO পরিবর্তন হলে অবিলম্বে তা বিএফআইইউ-কে অবহিত করতে হবে।

-CAMLCO কে ব্যাংকের অন্য কোনো দায়িত্ব অর্পণের পূর্বে নিশ্চিত হতে হবে যে, এর ফলে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বিঘ্নিত হবে না।

(খ) কেন্দ্রীয় পরিপালন কমিটির সাচিবিক দায়িত্ব পালন এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে পরিপালনীয় বিষয়সমূহ সম্পাদনের লক্ষ্যে ব্যাংকের শাখার সংখ্যা, ব্যবসায়ের বিস্তৃতি ও পরিধি, গ্রাহক সংখ্যা ও প্রাতিষ্ঠানিক ঝুঁকি ইত্যাদি বিবেচনায় উপযুক্ত সংখ্যক কর্মকর্তার সমন্বয়ে একটি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ থাকবে;

-উক্ত বিভাগের প্রধান উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Deputy Chief Anti Money Laundering Compliance Officer:DCAMLCO) নামে অভিহিত হবেন।

-DCAMLCO পদে 'উপমহাব্যবস্থাপক' বা 'সিনিয়র ভাইস প্রেসিডেন্ট' এর নীচে কোন কর্মকর্তাকে পদায়ন করা যাবে না।

১। পরিপালন কাঠামো :

গ) কেন্দ্রীয় পরিপালন কমিটি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে ব্যাংকের নিজস্ব নীতিমালার আওতায় প্রাতিষ্ঠানিক কৌশল ও কর্মসূচী নির্ধারণ করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে ও বার্ষিক ভিত্তিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচীর বাস্তবায়ন নিশ্চিত করবে।

(ঘ) প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে।

(ঙ) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এর কার্যাবলী এবং কেন্দ্রীয় পরিপালন কমিটি, কমিটির সদস্য, প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট ভাবে নির্ধারিত থাকতে হবে।

(চ) কেন্দ্রীয় পরিপালন কমিটি ন্যূনতম ৭(সাত) সদস্য বিশিষ্ট হবে।

প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাসহ ব্যাংকের

-হিউম্যান রিসোর্সেস ডিভিশন,

-ক্রেডিট ডিভিশন,

-রিটেল ও কর্পোরেট ব্যাংকিং ডিভিশন,

- ফরেন এক্সচেঞ্জ ডিভিশন,

- অপারেশন ডিভিশন,

- কার্ড ডিভিশন,

- আইটি ডিভিশন ইত্যাদি বা অনুরূপ বিভাগসমূহের প্রধান অথবা ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সদস্য হবেন।

- তবে অভ্যন্তরীণ নিরীক্ষণ বিভাগের কোনো কর্মকর্তা কেন্দ্রীয় পরিপালন কমিটির সদস্য হতে পারবে না, তাদের উপর অর্পিত মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক দায়িত্ব পালন করবে।

(ছ) কেন্দ্রীয় পরিপালন কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে বছরে অন্তত ৪(চার)টি সভা করবে। ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালনের সার্বিক অবস্থা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এবং অনুসরণীয় নির্দেশনা প্রদান করবে।

১। পরিপালন কাঠামো :

(২) প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ সংক্রান্ত নির্দেশনা:

- ❖ কেন্দ্রীয় পরিপালন কমিটি মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকের প্রধান নির্বাহী, প্রযোজ্য ক্ষেত্রে, পরিচালনা পর্ষদের অবগতি ও নির্দেশনার জন্য দাখিল করবে।
- ❖ প্রধান নির্বাহীর নির্দেশনা ও মতামতসহ প্রতিবেদনটি ব্যাংকটির পরিচালনা পর্ষদ বা সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতিবেদনটির কপি সংশ্লিষ্ট ষান্মাসিক শেষ হওয়ার ২(দুই) মাসের মধ্যে বিএফআইইউ বরাবর প্রেরণ করবে।

(৩) কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা অনুসারে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ শাখাসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনাবলী জারী করবে;

(৪) **BAMLCO নির্বাচন:** কেন্দ্রীয় পরিপালন কমিটি শাখা পর্যায়ে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করার লক্ষ্যে প্রতিটি শাখায় একজন অভিজ্ঞ কর্মকর্তাকে শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Branch Anti Money Laundering Compliance Officer-BAMLCO) (শাখা ব্যবস্থাপক, শাখার দ্বিতীয় কর্মকর্তা অথবা জেনারেল ব্যাংকিং/ফরেন এক্সচেঞ্জ/ক্রেডিট ইত্যাদি বিভাগের দায়িত্বপ্রাপ্ত অভিজ্ঞ ঊর্ধ্বতন কর্মকর্তাকে হসেবে মনোনীত করবে। মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর সকল নির্দেশনা এবং ব্যাংকের নিজস্ব নীতিমালার বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে।

(৫) **BAMLCO'র দায়িত্ব:** BAMLCO শাখার অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে নিম্নোক্ত বিষয়সমূহসহ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা ও বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনার আলোকে শাখার পরিপালন অবস্থা পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে :

ক) গ্রাহক পরিচিতি;

খ) লেনদেন পরীক্ষণ (Transaction Monitoring);

(গ) সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিতকরণ ও রিপোর্টিং;

ঘ) স্থানীয় Sanction List সহ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশনসমূহের বাস্তবায়ন;

ঙ) সেলুফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম;

চ) রেকর্ড সংরক্ষণ ও প্রশিক্ষণ ইত্যাদি

উক্ত সভার কার্যবিবরণী মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ বরাবরে প্রেরণ করবে।

2। গ্রাহক নির্বাচন নীতিমালা :

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি ব্যাংকের সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে।

নীতিমালায় অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- ❖ বেনামে, ছদ্মনামে বা শুধু সংখ্যায়ুক্ত কোনো গ্রাহকের হিসাব খোলা বা পরিচালনা করা যাবে না। এছাড়াও বেনামে, ছদ্মনামে বা শুধু সংখ্যায়ুক্ত কোনো গ্রাহকের হিসাব রোধে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা;
- ❖ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোনো হিসাব খোলা বা পরিচালনা না করা;
- ❖ ‘শেল ব্যাংক’ (Shell Bank) এর সাথে কোনো ধরনের ব্যাংকিং সম্পর্ক স্থাপন না করা (এক্ষেত্রে ‘শেল ব্যাংক’ বলতে ঐ সমস্ত ব্যাংক-কে বুঝাবে যার যেই দেশে নিবন্ধিত বা লাইসেন্স প্রাপ্ত সেই দেশে কোন বাহ্যিক উপস্থিতি নাই বা যেটি কার্যকর পরিদর্শনের আওতাভুক্ত ও নিয়ন্ত্রিত কোন আর্থিক গ্রুপের সদস্য নয়) এবং
- ❖ এবং এ বিষয়ে বিএফআইইউ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশ না অনুসরণীয় হবে।

৩। গ্রাহক পরিচিতি, সতর্কতামূলক ব্যবস্থা ও অন্যান্য :

৩.১ গ্রাহকের সংজ্ঞা :

মানিলভারিং ও সল্লাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে :

- ❖ ব্যাংকের সাথে হিসাব সংরক্ষণ করে বা ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এমন যে কোনো ব্যক্তি বা সত্তা;
- ❖ ব্যাংক হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner); (প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যার পক্ষে হিসাব পরিচালিত হয়। Guidelines on Beneficial Ownership এ বিষয়ে বিশদ আলোচনা করা হয়েছে।)
- ❖ বিদ্যমান আইনী কাঠামোর আওতায় কোনো হিসাবধারী, ট্রাস্ট বা লেনদেনের প্রকৃত সুবিধাভোগীর হিসাব পরিচালনার জন্য নিযুক্ত কোনো পেশাদার মধ্যস্থতাকারী (আইনজীবী, আইন পরামর্শক প্রতিষ্ঠান, চার্টার্ড একাউন্টেন্ট ইত্যাদি);
- ❖ কোনো ব্যক্তি বা সত্তা কর্তৃক একক লেনদেনে সংঘটিত অধিক মূল্যের Occasional Transaction বা প্রতিষ্ঠানের সুনাম এবং অন্য কোন ঝুঁকি সৃষ্টি করতে পারে এমন আর্থিক লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা সত্তা

(এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের পেশা/প্রোফাইলের নিরীখে স্বাভাবিক লেনদেনের তুলনায় কোনো লেনদেন অস্বাভাবিক প্রতীয়মান হলে তা 'অধিক মূল্যের' বলে বিবেচিত হবে); এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় সংজ্ঞায়িত ব্যক্তি বা সত্তা।


৩.২ ঝুঁকি ভিত্তিক ব্যবস্থা (Risk Based Approach) :

- ❖ বিএফআইইউ কর্তৃক জারীকৃত ML/TF Risk Assessment Guidelines for Banking Sector এর নির্দেশনা অনুসারে-নির্দিষ্ট সময় অন্তর প্রতিটি ব্যাংক মানিল্ডারিং ও সন্ধানী কার্যে অর্থাৎ নিজস্ব ঝুঁকি নিরূপণ করবে। উক্ত ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, গ্রাহক, পণ্য বা সেবা, দেশ এবং ভৌগলিক অবস্থান ইত্যাদি বিবেচ্য হবে।
- ❖ ঝুঁকি নিরূপণ প্রতিবেদন অনুসারে যে ক্ষেত্রে মানিল্ডারিং, সন্ধান বা সন্ধানী কার্যে অর্থাৎ উচ্চ ঝুঁকি চিহ্নিত হবে, সে ক্ষেত্রে ব্যাংককে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence) গ্রহণ করতে হবে।
- ❖ ঝুঁকি নিরূপণ প্রতিবেদন অনুসারে যে ক্ষেত্রে মানিল্ডারিং, সন্ধান বা সন্ধানী কার্যে অর্থাৎ নিম্ন ঝুঁকি চিহ্নিত হবে বা নিম্ন ঝুঁকির নির্দেশকের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে, সে ক্ষেত্রে ব্যাংক সহজতর সতর্কতামূলক ব্যবস্থা (Simplified Due Diligence) গ্রহণ করতে পারবে।
- ❖ বিদ্যমান গ্রাহকের ঝুঁকি, গুরুত্ব ও প্রাসঙ্গিকতা বিবেচনায় প্রতিটি ব্যাংক প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা (Due Diligence) গ্রহণ করবে। এছাড়া পূর্বে কখন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল এবং কী ধরনের বা কী পরিমাণ তথ্য সংগ্রহ করা হয়েছিল তা বিবেচনায় বিদ্যমান গ্রাহকের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ বা পুনর্মূল্যায়ন করার সময় নির্ধারণ করবে।

৩.৩ গ্রাহক পরিচিতি (Know Your Customer-KYC) :

মানিলভারিং ও সল্লাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহকের পরিচিতি গ্রহণ ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে নিম্নে উক্ত বিষয়বলীর পরিপালন নিশ্চিত করতে হবে :

- ❖ গ্রাহকের হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারীকৃত অভিন্ন হিসাব খোলার ফরম ব্যবহার করতে হবে। তবে আধুনিক প্রযুক্তির ব্যবহার সুবিধাজনক বিবেচনায়, প্রযোজ্য ক্ষেত্রে, বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on Electronic Know Your Customer (e-KYC) এ বর্ণিত আধুনিক প্রযুক্তির ব্যবহার বা সহায়তা গ্রহণ করতে হবে। যে ক্ষেত্রে ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে হিসাব খোলা সম্ভব হবে না সে ক্ষেত্রে হার্ড কপি হিসাব খোলার ফরম ব্যবহার করা যাবে।
- ❖ গ্রাহকের পরিচিতির **পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য** সংগ্রহ করতে হবে। এবং গ্রাহক কর্তৃক হিসাব খোলার উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা এবং গ্রাহক পরিচিতি সম্পর্কিত তথ্য বা উপাত্ত যাচাই প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
- ❖ যদি গ্রাহকের পক্ষে অন্য কোনো ব্যক্তি হিসাব পরিচালনা করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে;
- ❖ ট্রাস্টি ও পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক গ্রাহকের পক্ষে পরিচালিত হিসাবের ক্ষেত্রে তাদের আইনগত অবস্থান পর্যালোচনা ও তার যথার্থতা নিরূপণপূর্বক সংশ্লিষ্ট সকলের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে; এবং
- ❖ হিসাবধারী ব্যক্তিত্ব অপর কাউকে (Walk-in Customer) যারা ব্যাংক হিসাবধারী নন এমন গ্রাহককে লেনদেন সুবিধা প্রদানের ক্ষেত্রে (যেমনঃ ডিডি, টিটি, এমটি, পে-অর্ডার বা অনলাইন লেনদেন ইত্যাদি) এ সার্কুলারের অন্যান্য অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।



2। গ্রাহক নির্বাচন নীতিমালা :

৩.৪ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence-CDD) :

গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বা **CDD** বলতে বুঝাবে

- নির্ভরযোগ্য ও নিরপেক্ষ উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের (ব্যক্তি অথবা সত্তা) পরিচিতি নিশ্চিতকরণ,
- সংগৃহীত পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা এবং
- অর্থের উৎস যাচাইকরণ ও
- হিসাবের পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত ও লেনদেন নিয়মিতভাবে (Ongoing) পরীক্ষণ করা।

(১) গ্রাহক সংশ্লিষ্ট ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-

-গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;

-ওয়াক-ইন কাস্টমার (Walk-in Customer) কর্তৃক সম্পাদিত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বা তদুর্ধ্ব মূল্যের অনিয়মিত (Occasional) লেনদেনের সময়;

-ওয়্যার ট্রান্সফারের মাধ্যমে অনিয়মিত (Occasional) লেনদেন সম্পাদনের সময়;

-যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতোপূর্বে গ্রাহকের পরিচিতির নিমিত্ত যেসব তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাণ্ড বা সঠিক নয়; এবং

-কোনো লেনদেন মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহ হলে

***CDD সম্পাদনের ফলে তথ্যের গোপনীয়তা ফাঁস (Tipping-Off) হবার সম্ভব বন্যা থাকলে CDD সম্পাদন না করেই সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন দাখিল করতে হবে।

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) এর ক্ষেত্রে

প্রতিটি হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) এর ক্ষেত্রে নির্ভরযোগ্য ও নিরপেক্ষ সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে হিসাবের প্রকৃত সুবিধাভোগী'র পরিচিতি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াবলী বিবেচ্য হবে:

- ক) যদি কোনো গ্রাহক অন্য কোনো ব্যক্তির পক্ষে হিসাব পরিচালনা করে,
- খ) আপাতদৃষ্টিতে কোনো ব্যক্তি যদি কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রণ বা প্রভাবিত করে মর্মে প্রতীয়মান হয়
- গ) কোম্পানীর ক্ষেত্রে যিনি/যাদের উক্ত কোম্পানীর উপর নিয়ন্ত্রণ বা মালিকানার স্বার্থ (Controlling /ownership interest) রয়েছে,

উপর্যুক্ত (খ) ও (গ) দফার নির্দেশনা পূরণকল্পে কোনো ব্যক্তি (Natural Person) চিহ্নিত করা সম্ভব না হলে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্মকর্তার পদে আসীন সংশ্লিষ্ট এমন ব্যক্তির পরিচয় শনাক্তকরণপূর্বক তার সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এবং হিসাবের প্রকৃত সুবিধাভোগী নির্ধারণ ও তদুপেক্ষিতে গৃহীত পদক্ষেপসমূহ গ্রহণের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on Beneficial Ownership এ বর্ণিত বিষয়াবলী অনুসরণ করা যাবে।

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)

UBO

- **The Person On Whose Behalf A Transaction Is Conducted**
- Who Owns **20 Or More Percent Share** Of A Company or legal arrangements
- Who Has **Effective Control** Of The Customer




- ☀ Person Who Can Hire Or Terminate A Member Of Senior Level Management
- ☀ A Person Who Can Appoint Or Dismiss Directors
- ☀ Senior Managers Who Have Control Over Daily/Regular Operations Of The Person Or Arrangement (A CEO Or A Managing Director)

The beneficial owner must be a natural person and cannot be a company, an organization or a legal arrangement.

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)


a) Simple ownership



Mr P, Mr T and Mr N are Beneficial Owner as The posses 20% or more share of S holdings ltd

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)


B) Simple (Direct and Indirect) ownership



Mr. Z is the sole beneficial owner of Company K (Direct 15% + Indirect 85%)

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)


c) Complex (Multi level Indirect) ownership



Mr O, Mr J and Mr G are Beneficial Owner as he posses 20% or more share of the company

প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)

d) Effective Control



Mr D is a Beneficial Owner as he has the effective control over the Company M

CDD

Verification of Address

For Job Holders

For Business

Permanent

Present

Gas/Electricity/Telephone/Dish/Internet Bill
Official ID Card For Job Holders
Thanks Letter- Cheque Book

■ Office Address


■ Business Address

Physical Verification

Source of Fund

- Pay Slip
- Bank Statement
- TIN/VAT Certificate
- Income Teax return
- Spouse Information if needed
- Annual Report or Balance Sheet

CDD



EDD

৩.৮ গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence-EDD) :

ব্যাংক কর্তৃক নিরূপিত উচ্চ ঝুঁকি সম্পন্ন (High Risk) গ্রাহকের বেধে নিম্নরূপে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা উইউউ গ্রহণ করতে হবে :

ক) নির্ভরযোগ্য ও নিরপেক্ষ উৎস থেকে গ্রাহক পরিচিতি সম্পর্কিত অতিরিক্ত তথ্যাদি সংগ্রহ;

খ) হিসাব খোলার উদ্দেশ্য, হিসাবের অর্থ বা সম্পদের উৎস নিশ্চিত হওয়ার জন্য অধিকতর ব্যবস্থা গ্রহণ;

গ) তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে অধিকতর পরীক্ষণ; এবং

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, ব্যাংকের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ।

৩.৯ প্রভাবশালী ব্যক্তির (Influential Persons:IPs) ক্ষেত্রে উপরোক্ত বিষয়াবলী পালনীয় :

৩.১০ পলিটিক্যালি এক্সপোজড পার্সন (Politically Exposed Persons -PEPs) এর ক্ষেত্রে উপরোক্ত বিষয়াবলীর সাথে নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণীয়:

১) উন্মুক্ত তথ্যের উৎস ও বিভিন্ন ডাটাবেজ ব্যবহার করে গ্রাহক একজন PEPS কিনা তা নিশ্চিত হবে।

২) PEPs এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখার ক্ষেত্রে ব্যাংকের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ; এবং

PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত 'PEPs' হিসেবে কোনো মধ্যম বা অধঃস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবে না।

Politically Exposed Persons (PEPs)

A politically exposed person (PEP) is defined by the FATF as an individual who is or has been entrusted with a prominent public functions which include individuals in foreign country and domestic level. PEPs (as well as their family members and persons known to be *close associates*) are required to be subject to undertake enhanced due diligence. International standards issued by the FATF recognize that PEP may be in a position to abuse their public office, political power for private gains and PEP may use the financial system to launder the illicit gains.

❖ **The FATF has categorized PEPs into 3 (three) criteria which include:**

- ❑ Foreign PEPs;
- ❑ Domestic PEPs (known as Influential Persons: IPs in Bangladesh) and
- ❑ Chief or similar high-ranking positions in an international organization.

- ❑ **It is important to note that only foreign PEPs automatically should be treated as high risk and therefore a reporting organization should conduct Enhanced Due Diligence (EDD) in this scenario.**
- ❑ **EDD should be undertaken in case of domestic PEPs (Influential Persons: IPs) and PEPs of the international organization when such customer relationship is identified as higher risk.**

CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংকের করণীয় :

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংশ্লিষ্ট তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেবে CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংক প্রয়োজনে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে পারবে :

ক) ব্যাংক উক্তরূপ গ্রাহকের হিসাব খুলবে না, ব্যবসায়িক সম্পর্ক শুরু করবে না, লেনদেন সম্পাদন করবে না বা ব্যবসায়িক সম্পর্ক বাতিল করবে;

খ) শাখা উপর্যুক্ত হিসাব না খোলা বা বন্ধ করা সংক্রান্ত তথ্য সংরক্ষণপূর্বক মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে। প্রয়োজনে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এসব তথ্য অন্যান্য সকল শাখার অবগতিতে নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে; এবং

গ) ক্ষেত্রমত, এরূপ গ্রাহক, সম্ভব গ্রাহক, প্রত্যাখ্যাত ব্যক্তি বা সত্তা সম্বন্ধে সন্দেহজনক লেনদেন বা সন্দেহজনক কার্যক্রম প্রতিবেদন দাখিলের বিষয়টি বিবেচনা করবে।

গ) তবে সমাজের পশ্চাৎপদ বা এরূপ বিশেষ কোনো জনগোষ্ঠীর হিসাব খোলা ও পরিচালনায় বিএফআইইউ প্রযোজ্য ক্ষেত্রে, সময়ে সময়ে, নির্দেশনা জারী করবে।

সশরীরে অনুপস্থিত গ্রাহকের (Non face to face customer) ক্ষেত্রে করণীয় :

ব্যাংক তাদের সশরীরে অনুপস্থিত গ্রাহকের হিসাব খোলা বা সেবা প্রদানের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে। এ ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত **Guidelines on e-KYC** এর নির্দেশনা অনুসরণ করা যাবে।

উল্লেখ্য, সশরীরে অনুপস্থিত গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা ব্যাংক শাখায় সশরীরে উপস্থিত না হয়ে ইন্টারনেটের মাধ্যমে, ব্যাংকের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্ট্যান্ট ইত্যাদি) মাধ্যমে হিসাব খুলে থাকে এবং/অথবা লেনদেন পরিচালনা করে থাকে।

লেনদেন পরীক্ষণ, নগদ লেনদেন বিবরণী (Cash Transaction Report-CTR) ও সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (Suspicious Transaction Report-STR) :

If there found any single or multiple transaction

- in Local or foreign currency In A Day
- In One Account
- One/More Transactions (Online/ATM Or Any Kind Of Cash Transaction)
- In Cash
- Daily 10 Lakh and Above amounts
- Deposit **OR** Withdrawal ,then submit a CTR to your AML & CFT Division which would be submitted to BFIU by AML & CFT Division monthly (within 21st of the month using go AML website) basis.

Submission of CTR, STR and SAR

Submission of CTR is not necessary for

- Public/Govt. Accounts
- Utility Bills
- Tuition Fees for Educational Institutions
- Inter Bank and Inter Branch cash Transactions

Suspicious Transaction

Money Laundering Prevention Act, 2012 & Anti-Terrorism Act, 2009

- Such Transactions Which Deviates From Usual Transactions Of Which There Is Ground To Suspect
- The Property Is The Proceeds Of An Offence
- It Relates To Financing Of Terrorist Activities Or A Terrorist Person Or Entity

Suspicious Activity (SA) arises from suspicion relating to general behavior of the person in question which creates the knowledge or belief that he or she may be involved in illegal activities out of which proceeds might be generated. Any suspicious attempted transaction also fall in this category.

Submission of CTR, STR and SAR

- ❑ Any Officer can Identify STR/SAR
- ❑ Inform BAMLCO with Written Document, *Instantly*
- ❑ Assessment & Evaluation by BAMLCO, *Immediately*
- ❑ If Find any Anomaly BAMLCO Report to AMLD by goAML Web
- ❑ AMLD can also Indentify STR/SAR
- ❑ Preserve All Documents for further Directions of BFIU

Purpose	STR	SAR
Timing	After Transactions	At any Time
Account	Mandatory	Not Necessary
Nature	Transaction Based	Behaviour/Attempt
Source	Transaction Monnitoring	Media/ Open Source

তথ্য প্রকাশের দণ্ড

৬। (১) কোন ব্যক্তি অসং উদ্দেশ্যে তদন্ত সম্পর্কিত কোন তথ্য বা প্রাসংগিক অন্য কোন তথ্য কোন ব্যক্তি, সংস্থা বা সংবাদ মাধ্যমে প্রকাশ করিবেন না।

(২) এই আইনের অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা এজেন্ট কর্তৃক চাকুরীরত বা নিয়োগরত থাকা অবস্থায় কিংবা চাকুরী বা নিয়োগজনিত চুক্তি অবসায়নের পর তৎকর্তৃক সংগৃহীত, প্রাপ্ত, আহরিত, জ্ঞাত কোন তথ্য এই আইনের উদ্দেশ্য পূরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার বা প্রকাশ করা হইতে বিরত থাকিবেন।

(৩) কোন ব্যক্তি উপ-ধারা (১) ও (২) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ২ (দুই) বৎসর পর্যন্ত কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ড

৮.১ শাখাসমূহের করণীয় :

- (১) সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট- 'গ') এর উপর ভিত্তি করে ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি শাখা নিজেদের মূল্যায়ন করবে;
- (২) আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা দের নিয়ে সভা আয়োজন করবে। সভায় শাখা মূল্যায়ন প্রতিবেদনের খসড়ার উপর আলোচনা এবং তদপ্রেক্ষিতে চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভবপর না হলে তা প্রতিবেদনে উল্লেখপূর্বক সমস্যা সমাধানকল্পে প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে প্রেরণ করবে / মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরি ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ এবং ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং যথাযথভাবে সম্পন্ন করার জন্য উক্ত বিভাগে এতদসংক্রান্ত অভিজ্ঞ কর্মকর্তা বহাল করতে হবে।

৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয় :

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগকে অবহিত করবে;

অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের নিজস্ব ও নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচী অনুসারে বিভিন্ন শাখার পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর এর নির্ধারিত চেকলিষ্টের (পরিশিষ্ট- "ঘ")-ভিত্তিতে সংশ্লিষ্ট শাখার মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট শাখায় প্রতিবেদন আকারে প্রেরণ করবে।

Independent Testing Procedures

শাখা পরিদর্শনের চেকলিস্ট

ক্র	পরিদর্শন ক্ষেত্র	বরাদ্দকৃত মোট নম্বর	প্রাপ্ত নম্বর
১	শাখা পরিপালন কর্মকর্তা মূল্যায়ন	৬	
২	গ্রাহক পরিচিতি (KYC)	২৬	
৩	লেনদেন পরীক্ষণ	২৩	
৪	সন্দেহজনক লেনদেন এবং নগদ লেনদেন রিপোর্টিং	২০	
৫	মানিলাভারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবর বিবরণী দাখিল	৩	
৬	স্বনির্ধারণী পদ্ধতি (Self Assessment)	৫	
৭	এএমএল/সিএফটি বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান ও সচেতনতা	৪	
৮	রেকর্ড সংরক্ষণ	৫	
৯	নিরীক্ষা, পরিদর্শন ও অন্যান্য	৮	
	সর্বমোটঃ	১০০	

স্কোর	রেটিং
৯০+ - ১০০	শক্তিশালী
৭০+ - ৯০	সন্তোষজনক
৫৫+ - ৭০	মোটামুটি ভাল
৪০+ - ৫৫	খারাপ
৪০ ও এর নিচে	অসন্তোষজনক

৮.৩ / মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগের করণীয় :

- (১) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনে অধিক সংখ্যক শাখায় একই ধরনের যে সকল অনিয়মের বিষয় উল্লেখ রয়েছে তা উল্লেখপূর্বক ঐ সকল অনিয়ম রোধে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণ; এবং প্রাপ্ত রিপোর্টে “অসন্তোষজনক” ও “প্রান্তিক” হিসেবে মূল্যায়িত শাখাসমূহের পরিপালন নিশ্চিতকরণ ও রেটিং উন্নয়নকল্পে ব্যবস্থা গ্রহণ।
- (২) শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শন বা অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনবে।

“ওয়্যার ট্রান্সফার (Wire transfer)” বলতে এমন আর্থিক লেনদেনকে বুঝাবে যাতে কোনো আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুরোধে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইলেক্ট্রনিক মাধ্যম ব্যবহার করে অপর কোনো ব্যাংক বা প্রতিষ্ঠানের শাখার সহায়তায় বেনিফিশিয়ারি ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ প্রদান করে।

প্রকারভেদ আন্তর্গদেশীয় ওয়্যার ট্রান্সফার (Cross-border wire transfer): সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যান্য ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমমূল্যের অপরাপর জ্বদেশিক মুদ্রা য় আন্তর্গদেশীয় ওয়্যার ট্রান্সফার

- ❑ আবেদনকারীর সঠিক তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং উক্ত তথ্য ইন্টারমিডিয়েরি/বেনিফিশিয়ারি ব্যাংকে প্রেরণ করবে।
- ❑ হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সূত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভুক্ত থাকবে।
- ❑ বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্যের মধ্যে বেনিফিশিয়ারির হিসাব নম্বর বা হিসাব নম্বর না থাকলে লেনদেনের সুনির্দিষ্ট সূত্র নম্বর (Unique Transaction Reference Number) অন্তর্ভুক্ত থাকবে;

অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার: সরকারি, আধাসরকারি, বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ওয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহের পরিপালন বাধিতামূলক নয়।

পক্ষসমূহ: অর্ডারিং, ইন্টারমিডিয়েরী ও বেনিফিশিয়ারি ব্যাংক

১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction) :

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন ১২৬৭ ও ১৩৭৩ এবং ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তার ও উহাতে অর্থ সংস্থান প্রতিরোধ, দমন এবং ব্যাহতকরণ সম্পর্কিত রেজুলেশনসমূহের বাস্তবায়নের জন্য ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

- (১) প্রত্যেক ব্যাংক এ সংক্রান্ত কার্যক্রমের জন্য একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, ব্যাংকের কর্মকর্তাদের দায়-দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কি না তা নিশ্চিত করবে;
- (২) এ সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশিত হবার সাথে সাথে উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ব্যাংক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে;
- (৩) এ সংক্রান্ত অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ ও তার যথাযথ ব্যবহার নিশ্চিত করবে;
- (৪) প্রতিটি ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার নামে ব্যাংক হিসাব রয়েছে কি না বা কোনো লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত কার্যক্রম গ্রহণ করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। এছাড়াও এ প্রক্রিয়ায় প্রাপ্ত False Positive সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব বা লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট ব্যাংক উক্ত হিসাবের লেনদেন বা লেনদেনটি স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে; এবং
- (৫) বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণীয় হবে।

১১। নিয়োগ ও প্রশিক্ষণ :

১১.১ নিয়োগ :

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে; এবং মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগে উপযুক্ত সংখ্যক সম্যক বিষয়ে দক্ষ কর্মকর্তার পদায়ন করবে।

১১.২ প্রশিক্ষণ- ব্যাংক কর্মকর্তা :

ব্যাংকসমূহ ব্যাংকের সকল কর্মকর্তা দের মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে। প্রধান ও উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান এবং/অথবা পেশাগত সনদ অর্জনের ব্যবস্থা করবে; এবং ব্যাংক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে।

১১.৩ শিক্ষণ- ব্যাংক গ্রাহক :

ব্যাংকসমূহ তাদের গ্রাহকদের হিসাব খোলার প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যৌক্তিকতার বিষয়ে গ্রাহককে অবহিত করবে এবং মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সময় সময় লিফলেট বিতরণ এবং প্রতিটি ব্যাংক শাখায় দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের ব্যবস্থা করবে; এছাড়াও মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন গণমাধ্যমসহ অন্যান্য মাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে।

১২। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :

- (১) ব্যাংক কোনো গ্রাহক সংশ্লিষ্ট নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি হিসাব বন্ধ হওয়ার পর অনূন ০৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করবে :
- (২) মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত প্রশিক্ষণ, সভা, নিরীক্ষা/পরিদর্শন এবং বিশেষ পরিদর্শন সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে; এবং
- (৩) প্রয়োজ্য ক্ষেত্রে, সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করবে এবং সংরক্ষিত সকল তথ্যাদি ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করতে হবে। উপযুক্ত প্রশিক্ষণ বলতে বিভিন্ন স্তরের এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের জন্য বিভিন্ন ধরনের (Target Oriented) প্রশিক্ষণ এবং একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর Refresher Training কে বুঝাবে।

 **THANKS.**

Any questions?

